



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

25 September 2023

West Bengal News

পশ্চিমবঙ্গে MSME র সংখ্যা এক কোটি
ছুলো

প্রসঙ্গ

সাম্প্রতিক অনুমান অনুযায়ী মহামারীর পরবর্তীতে অর্থনীতি স্বাভাবিক হলে ফেরত আসার সাথে সাথে পশ্চিমবঙ্গে MSME ইউনিটের সংখ্যা এক কোটিতে পৌঁছেছে বলে অনুমান করা হচ্ছে।

গুরুত্বপূর্ণ পয়েন্ট:

- কোভিড-19 মহামারীর পূর্বে পশ্চিমবঙ্গে 90 লাখ মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (MSME) ছিল।
- মহামারীর পরবর্তীতে এর সংখ্যা প্রায় 1 কোটিতে পৌঁছেছে বলে অনুমান করা হচ্ছে।
- পশ্চিমবঙ্গের 'শিল্পের সমাধান' প্রকল্পটি MSME ক্ষেত্রে দুর্দান্ত সহায়ক ভূমিকা পালন করেছে।

MSME কি?

CLASSIFICATION	MICRO	SMALL	MEDIUM
Manufacturing Enterprises and Enterprises rendering Services	Investment in Plant and Machinery or Equipment: Not more than Rs.1 crore and Annual Turnover ; not more than Rs. 5 crore	Investment in Plant and Machinery or Equipment: Not more than Rs.10 crore and Annual Turnover ; not more than Rs. 50 crore	Investment in Plant and Machinery or Equipment: Not more than Rs.50 crore and Annual Turnover ; not more than Rs. 250 crore

শিল্পের সমাধানে

সম্পর্কিত তথ্য:

উদ্যোক্তাদের কাছে পৌঁছানোর জন্য এটি পশ্চিমবঙ্গ সরকারের অন্যতম একটি উদ্যোগ।

উদ্যোগটির লক্ষ্যগুলি নিম্নরূপ :

- Bhabishyat Credit Card scheme এর অধীনে ব্যাঙ্কগুলিকে কমপক্ষে 2 লক্ষ অ্যাপ্লিকেশন স্পনসর করা।
- রাজ্য সরকারের সাথে কমপক্ষে 5 লক্ষ কারিগর এবং তাঁতিদেরকে তালিকাভুক্ত করা।
- অন্তত 5 লক্ষ বিদ্যমান MSME-কে Udyam Registrations পেতে উৎসাহিত করা।
- মিউটেশন, কনভার্সন, পাওয়ার সংযোগ, WBPCB ক্লিয়ারেন্স, ফায়ার ক্লিয়ারেন্স, SWID ক্লিয়ারেন্স ইত্যাদির মতো ছাড়পত্রের নিষ্পত্তি নিশ্চিত করা।
- TET&SD, BCW, MAME, P & RD ডিপার্টমেন্ট থেকে স্কিলিং, ক্রেডিটিং এবং স্কিম্যাটিক হ্যান্ড-হোল্ডিংয়ের মতো সহায়তা প্রদান করা।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উত্তরাধিকার

প্রসঙ্গ:

- সম্প্রতি, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উত্তরাধিকার সম্বন্ধীয় প্রচারাভিযানটি ছাত্রদের স্কুল ছুট প্রতিরোধ করার লক্ষ্যে প্রাচীনতম একটি স্কুল (যা 1860 সালে খোলা হয়) দ্বারা আয়োজিত হয়।

মূল তথ্য

- শিক্ষকেরা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উত্তরাধিকারকে কাজে লাগিয়ে স্কুলে ছাত্র-ছাত্রীদের ভর্তি করছেন।
- একদা এই অঞ্চলের স্কুল পরিদর্শক হিসেবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তত্ত্বাবধান করতেন।



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

<p>ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর</p>	<p>সম্পর্কিত তথ্য</p> <ul style="list-style-type: none">ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন একজন সুপরিচিত লেখক, বুদ্ধিজীবী এবং মানবতার কটর অনুগামী।তিনি বাংলার শিক্ষাব্যবস্থায় বিপ্লব ঘটিয়ে ছিলেন।তাকে বাংলার নবজাগরণের অন্যতম স্তম্ভ বলে মনে করা হয়।তিনি বাংলা বর্ণমালা এবং তার প্রকারকে যুক্তিযুক্ত ও সরলীকরণ করেছিলেন, যা 1880 সাল থেকে অপরিবর্তিত রয়েছে।তিনি বিধবা পুনর্বিবাহের ধারণার সূচনা করেন এবং বাল্যবিবাহ ও বহুবিবাহের অবসান ঘটানোর জন্য উদ্বিগ্ন প্রকাশ করেন। <p>তুমি কি জান?</p> <ul style="list-style-type: none">বাংলা গদ্যকে সরল ও আধুনিকীকরণে তাঁর অবদানের জন্য তিনি "বাংলা গদ্যের জনক" উপাধি লাভ করেন।
<p>বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট 2023</p>	<p>প্রসঙ্গ:</p> <ul style="list-style-type: none">বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটের সপ্তম সংস্করণ 2023 সালের 21-22 শে নভেম্বর কলকাতায় অনুষ্ঠিত হতে চলেছে। <p>মূল পয়েন্ট:</p> <ul style="list-style-type: none">পশ্চিমবঙ্গ দ্রুতগতিতে অর্থনৈতিক শক্তিশেলে রূপান্তরিত হচ্ছে। কৌশলগত ভৌগোলিক সুবিধা, সক্রিয় সরকারী নীতি, দক্ষ মানব সম্পদ এবং একটি প্রাণবন্ত ব্যবসায়িক পরিবেশের সমন্বয়ে পশ্চিমবঙ্গ ভারতের অর্থনৈতিক বৃদ্ধির ক্ষেত্রে অন্যতম একটি প্রধান খেলোয়াড় হিসেবে আবির্ভূত হয়েছে।দেশের 12% চামড়া এবং 10% লোহা ও ইস্পাত রপ্তানিসহ এটি শীর্ষস্থানীয় রপ্তানিকারক রাজ্যগুলির মধ্যে একটি স্থান ধরে রেখেছে।MSME গুলি শিল্প পিরামিডে গুরুত্বপূর্ণ একটি স্থান দখল করে থাকে এবং পশ্চিমবঙ্গে দেশের দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যক MSME (প্রায় 90 লক্ষ ইউনিট) রয়েছে যা ভারতের মোট MSME র 14%।

Copyright © by Adda247

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.